দৈনিক সংবাদ

তারিখ : APR 22 1999
পৃষ্ঠা: 2 কলাম ৫

410

# ক্যাম্পাসে ছাত্রীদের বিক্ষোভ মিছিল

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গত মঙ্গলবার গভীর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হলের বর্ধিত ভবনের 'ফয়েজুন্নেসা ছাত্রী নিবাস' -এর ছাত্রীরা টিএসসিসহ ক্যাম্পাস এলাকায় বিক্ষোভ মিছিল করেছে। তারা এ সময় ওয়ার্ডেন রাজিয়া বেগমের অপসারণ দাবি করে।

জানা গেছে, হলে জনৈক সাবেক ছাত্রী বিলকিস বেগমকে গভীর রাতে হল থেকে বের করে দেয়ায় ক্ষুব্ধ হয়ে সাধারণ ছাত্রীরা বিক্ষোভে ফেটে পড়ে। তারা রাত সাড়ে ১২টা থেকে ৩টা পর্যন্ত হলের মধ্যে এবং বাইরে বিক্ষোভ মিছিল করে। পরে তারা রাত ৩টার দিকে উপাচার্যের সাথে দেখা করে। এর আগে প্রক্টর ও সহকারী প্রক্টর হলে গিয়ে তাদের নিয়ন্ত্রণ করার ব্যর্থ চেষ্টা করেন। ছাত্রীদের দাবির মুখে ওয়ার্ডেন রাজিয়া বেগম ছাত্রীদেরকে পদত্যাগের প্রতিশ্রুতি দেন। এ মর্মে একটি সাদা কাগজে তাদেরকে লিখিত দেন।